# হাইড্রোকেফালাস বা শিশুর মাথা হঠাৎ বড় হলে কি করবেন?

❖ কি?

- সাধারণত সবার মাথায় কিছু পরিমাণ পানি থাকে যা ব্রেইনকে পুষ্টি সরবরাহ করে ও অন্যান্য কাজ করে। কোন কারণে পানির পরিমাণ স্বাভাবিকের থেকে বেশি হলে যে রোগের সৃষ্টি হয় তাকে হাইড্রোকেফালাস বলে।
- সাধারণত প্রতিদিন ৪০০-৫০০ মিলি পানি ব্রেইনে তৈরি হয়। অধিকাংশ পানি আবার বিভিন্ন পথে প্রবাহিত হয়ে রক্তে শোষিত হয়ে , বাচ্চাদের ক্ষেত্রে ৬৫-১৪০ মিলি পানি ব্রেইনে থাকে  আর বড়দের ক্ষেত্রে ৯০-১৫০ মিলি পানি ব্রেইনে থাকে।
- কোন কারণে পানি তৈরি, প্রবাহ বা শোষণে তারতম্য হলে  এই রোগের উদ্ভব হয়।
- অর্থাৎ বেশি পানি তৈরি হলে কিন্তু স্বাভাবিক ভাবে শোষিত হলে, স্বাভাবিক পানি তৈরি হলে কিন্তু কম শোষিত হলে বা স্বাভাবিক পানি তৈরি হলে কিন্তু পানি প্রবাহে বাঁধার  সৃষ্টি হলে।




ছবিঃ ইন্টারনেট

মাথায় পানি জমে মাথা  বড় হয়েছে

❖ কেন হয়?

- অতিরিক্ত পানি তৈরি হলে
  - Choroid Plexus Papilloma
  - Choroid Plexus Carcinoma
- স্বাভাবিক পানি তৈরি হলে কিন্তু কম শোষিত হলে
  - Intraventricular haemorrhage
  - Infection
  - Head injury
- পানি প্রবাহে বাঁধার  সৃষ্টি হলে
  - Tumor
  - Aqueductal stenosis
  - Myelomeningocele

❖ হাইড্রোকেফালাসে রোগীর উপসর্গ কি কি?




ছবিঃ ইন্টারনেট

ছবিতে দেখা যাচ্ছে হাইড্রোকেফালাস রোগে মাথায় অতিরিক্ত পানির ফলে ব্রেনের উপর চাপ তৈরি করে


- হাইড্রোকেফালাস রোগে মাথায় অতিরিক্ত পানির ফলে ব্রেনের উপর চাপ তৈরি করে। ব্রেইনের উপর অতিরিক্ত চাপের ফলে বিভিন্ন উপসর্গ দেখা যায়-
    - বাচ্চার অস্থিরতা বৃদ্ধি পাওয়া
    - মাথা বড় হয়ে যাওয়া
    - মাথাব্যথা
    - বমি হওয়া
    - মাথার তালু ফুলে যাওয়া
    - চোখ নিচের দিকে যাওয়া
    - চোখে ঝাপসা দেখা
    - চোখে একই জিনিস দুইটা দেখা
    - খিঁচুনি
    - পড়ালেখায় অমনোযোগী

❖ চিকিৎসা কিভাবে করা হয়?

- সাধারণত তিন প্রকারে এই রোগের চিকিৎসা করা হয়ঃ-
    - ভিপি সান্ট
    - ইটিভি
    - ভিএসজি

❖ কোন চিকিৎসা পদ্ধতি কাদের জন্য?

- ভিপি সান্ট
    - যেকোনো বয়সের বাচ্চাদের
    - পানি বা সিএসএফ শোষণে ঝামেলা থাকলে। এটা সাধারণত কমিউনিকেটিং হাইড্রোকেফালাসে হয়ে থাকে।
    - যাদের ইটিভি এর মাধ্যমে পানি প্রবাহের পথ তৈরি কঠিন
    - ভেন্ট্রিকলের এনাটমি স্বাভাবিক না থাকলে
    - মাথার চামড়ায় ইটিভি করার স্থানে কোন ইনফেকশন থাকলে




ছবিঃ ইন্টারনেট

ছবিতে ভিপি শান্ট করা বাচ্চা


- **ইটিভি**
  - **ছয় মাসের বেশি বয়সের বাচ্চাদের জন্য**
  - **পানি প্রবাহে বাঁধার  সৃষ্টি হয়ে যে হাইড্রোকেফালাস হয়। একে অবস্ট্রাক্টিভ হাইড্রোকেফালাস বলে।**
  - **জন্মগতভাবে পানি প্রবাহের পথ তৈরি না হলে**
  - **ব্রেইনে ইনফেকশন থাকলে এবং অপারেশন জরুরী হলে**
  - **যাদের ভিপি শান্ট করা নিষেধ**



ছবিঃ ইন্টারনেট

ব্রেনের মধ্যে ফুটো করে পানি চলার পথ তৈরি করা হয়

- **ভিএসজি**
  - **ছয় মাসের নিচের বয়সের বাচ্চাদের যাদের ভিপি শান্ট করা  সম্ভব না। বাচ্চা যদি অপুষ্টিতে ভোগে, ওজন কম থাকে, চামড়ার নিচে চর্বি কম থাকে।**



ছবিঃ ইন্টারনেট

ভিএসজি অপারেশন করে ব্রেনের উপর চাপ কমানো হয়েছে


- চিকিৎসা না করালে কি হতে পারে?
    - মাথা অনেক বড় হয়ে যাবে এবং নিয়ন্ত্রণ করা কঠিন হবে।
    - পানির চাপে মাথায় ব্রেইনের পরিমান কমতে থাকবে, ফলে বুদ্ধির বিকাশ বাঁধাগ্রস্ত হবে।
    - পানির চাপে খিঁচুনি হবে।
    - বড় বাচ্চাদের ক্ষেত্রে চোখে ঝাপসা দেখতে দেখতে অন্ধ হয়ে যাবে
    - মাথায় অতিরিক্ত পানির চাপে শ্বাস প্রশ্বাসে সমস্যা হয়ে মারা যেতে পারে।






সার্জনের করা ভিপি শান্ট

- জরুরী চিকিৎসা করার সুবিধা কি?
    - মাথার আকার নিয়ন্ত্রণে থাকবে
    - বুদ্ধির বিকাশ হবে
    - শিশু অন্ধ হয়ে যাবেনা।
    - খিঁচুনি প্রতিরোধ করা যাবে।
    - অকাল মৃত্যু থেকে বেঁচে যাবে।




সার্জনের করা ভিএসজি অপারেশ

- কেন পেডিয়াট্রিক নিউরোসার্জনের কাছে চিকিৎসা  করাবেন?
    - একজন শিশু নিউরোসার্জনই / পেডিয়াট্রিক নিউরোসার্জনই এই রোগের চিকিৎসা সুচারু ভাবে করতে পারে।
    - বাংলাদেশর প্রেক্ষাপটে অনেকেই অনেক রোগের চিকিৎসা করে থাকে।
    - সঠিক চিকিৎসকের কাছে যদি সঠিক রোগের চিকিৎসা নেয়া যায় তবে যেমন সুস্থতা নিশ্চিত হয় তেমনি অনাকাঙ্ক্ষিত হয়রানি থাকে মুক্তি পাওয়া যায়।
    - একটি শিশু আগামী দিনের ভবিষ্যৎ। একটি শিশুর চিকিৎসা সঠিক ভাবে হলে ভবিষ্যতে সে সুস্থ ও  স্বাভাবিক বেড়ে উঠার সম্ভাবনা থাকে।
    - কেউ কেউ বিভিন্ন কারণে শিশু নিউরোসার্জারির চিকিৎসা , পেডিয়াট্রিক নিউরোসার্জন ছাড়া অন্য কোন সার্জনের মাধ্যমে করিয়ে থাকেন। ফলে কিছু ক্ষেত্রে সফলতা পাওয়া গেলেও অধিকাংশ ক্ষেত্রে সফলতা পাওয়া যায়না l ফলে শিশুর অনাগত ভবিষ্যৎ হুমকির মুখে পড়ে।
    - সুতরাং শিশুদের নিউরোসার্জারির জন্য (ব্রেইন, নার্ভ ও স্পাইন সার্জারির জন্য) একজন শিশু নিউরোসার্জনই / পেডিয়াট্রিক নিউরোসার্জনই সঠিক চিকিৎসক। এই বিষয়ে উনার দক্ষতাই সর্বোচ্চ বলে ধরা হয়।

- কোথায় করাবেন শিশু/ পেডিয়াট্রিক নিউরোসার্জারির চিকিৎসা?
    - বাংলাদেশ পেডিয়াট্রিক নিউরো কেয়ার সেন্টার একমাত্র সেন্টার যা বেসরকারিভাবে জন্ম থেকে ১৮ বছর বয়সী রোগীদের ব্রেইন, নার্ভ, স্ট্রোক ও স্পাইন রোগের চিকিৎসা প্রদান করে থাকে।
    - সরকারিভাবে দুই একটি হাসপাতাল এই রোগের চিকিৎসা প্রদান করলেও বিছানার স্বল্পতার কারণে অনেক সময় সঠিক সময়ে রোগী ভর্তি করে চিকিৎসা করানো সম্ভব হয়না।
    - এই দীর্ঘসুত্রিতার কারণে সঠিক সময়ে রোগী ভর্তি করে চিকিৎসা করানো সম্ভব হয়না। ফলে যে ক্ষতি হয় তা পরবর্তী সময়ে চিকিৎসার মাধ্যমে পুনরুদ্ধার করা কঠিন হয় এমনকি অসম্ভব হয়ে যায়।
    - তাই সুচিকিৎসার মাধ্যমে আমাদের আগামী প্রজন্মকে সুন্দর জীবন উপহার দেবার লক্ষ্যে এবং সুচিকিৎসায় সুন্দর আগামী এই প্রত্যয়ে বাংলাদেশ পেডিয়াট্রিক নিউরো কেয়ার সেন্টারের পথচলা।

- বাংলাদেশ পেডিয়াট্রিক নিউরো কেয়ার সেন্টার কোথায় অবস্থিত?
    - ঢাকার প্রাণকেন্দ্রে পান্থপাথে বাংলাদেশ পেডিয়াট্রিক নিউরো কেয়ার সেন্টার অবস্থিত l
    - ঠিকানাঃ ৪৪/৭ সিটি টাওয়ার ( বি আর বি হাসপাতালের উল্টা দিকে), লিফটের-১০ (১১তলা),পশ্চিম পান্থপথ, ঢাকা।
    - সময়ঃ প্রতিদিন বিকাল ০৩ টা হতে রাত্রি ১০টা, ( শুক্রবার ও সরকারী ছুটির দিন বন্ধ),
    - তথ্য ও যোগাযোগঃ ০১৮১১৭৯১০৮৯, ০১৯১২৯৮৮১৮২।
    - সঠিক ঠিকানায় আসতে Google map: https://maps.app.goo.gl/P3fSLg3TFCjASYvM9

- এই রোগ বিষয়ে আরও জানতে হলে কি করবেন?
    - এই রোগ বিষয়ে আরও জানতে আমার ইউ টিউব চ্যানেল অথবা বাংলাদেশ পেডিয়াট্রিক নিউরো কেয়ার সেন্টারের ইউ টিউব চ্যানেল সাবস্ক্রাইব করতে পারেন।
    - আমার ইউ টিউব চ্যানেলের লিঙ্ক হলঃ https://www.youtube.com/channel/UCSlESZh6_NGITtE27rNwTBg
    - বাংলাদেশ পেডিয়াট্রিক নিউরো কেয়ার সেন্টারের ইউ টিউব চ্যানেল লিঙ্কঃ https://www.youtube.com/channel/UC_miswoWBeeUZbEBVyB2Ckg
    - এর পরেও আরও জানার কিছু থাকলে আমার ওয়েব সাইটের কন্টাক্ট বারে গিয়ে বিস্তারিত লিখে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।
    - আমার ওয়েব সাইট লিঙ্কঃ https://paediatricneurosurgeonbd.com/
    - আমার ওয়েব সাইটের কন্টাক্ট বারের লিঙ্কঃ https://paediatricneurosurgeonbd.com/contact-us/
    - ফেসবুকে আমাকে ফলো করতে পারেন। ফেসবুকে এই রোগ ছাড়াও পেডিয়াট্রিক নিউরোসার্জারির আরো অন্যান্য রোগ নিয়ে আলোচনা করা, লাইভে এসে বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া, বিভিন্ন পরামর্শ প্রদান ও সচেতনতা মুলক পোস্ট দেওয়া হয়।
    - ফেসবুক পেজ লিঙ্কঃ **https://www.facebook.com/NeurosurgeonNafaur**

NAFAUR's NEUROCARE